

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.০৭৭.২০১৬- ৭০৭

তারিখ : ২৪/০১/১৬

বিষয় : রীট পিটিশন নং-১৪৯০/২০১৬, বাদী জাহাব মোকাররম হোসেন চৌধুরী, পিতা- মোঃ মোজাফ্ফর হোসেন গ্রাম-মহিষখোচা, থানা-আদিতমারী, জেলা-লালমনিরহাট-বনাম-সরকার ও অন্যান্য।

লালমনিরহাট জেলা, আদিতমারী উপজেলার মহিষখোচা ইউনিয়ন পরিষদে তিস্তা নদী ভাঙ্গনের ফলে নদী গর্ভে ৭, ৮, ৯ নং ওয়ার্ড সম্পূর্ণ বিলীন ও ৩, ৪, ৫, ৬ নং ওয়ার্ড আংশিক বিলীন হওয়ায় সীমানা নির্ধারণ সংক্রান্ত পত্রকে চ্যালেঞ্জ করে বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিশ্রুত করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৪৯০/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করতঃ সময় অত্র বিভাগকে অবহিত করতে হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

২২/০১/১৬  
(সৈয়দ মোঃ নূরুল বাসির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৪০৯৯৫।

১। জেলা প্রশাসক  
লালমনিরহাট।

২। জেলা নির্বাচন অফিসার  
লালমনিরহাট।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সিনিয়র সহকারী সচিব (ইপ-১), স্থানীয় সরকার বিভাগ।

২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।